

পূর্ণিমা-১৯৬৭

পূর্ণিমা, তোমার গায়ে গতবছরের গঙ্গাজল  
লেগে আছে। তুমি সমসাময়িক হতে শেখ নাই।  
তোমাকে যেতেছে আজও স্পষ্ট দেখা,  
তুমি আজও গত বছরের  
ফেরীঘাট ব্রিজ স্ট্র্যান্ডট্রামলাইন ট্রাফিক সংকেত  
পার হয়ে দেখা করো, কাছে আসো,  
বসে থাকো পাশাপাশি, গত বছরের কাছাকাছি।  
তুমি স্মৃতিবিস্মৃতির চেয়ে কিছু বেশী।  
তুমি নগ্ন করো নীল পান্থশালা।  
তুমি পরিশ্ৰেক্ষিতের অর্থ চাও, --- তোমার বিছানা  
এইখানে পাতা হবে, তুমি বলো।

পূর্ণিমা, তোমার বুকে গতবছরের প্রাচীনতা।  
তুমি রেখেছিলো হাতে, মনে হয়,  
চিরজীবনের মুখভার।

যুগান্তর চত্রবর্তী

